নবম অধ্যায়

রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থা

[বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থাসমূহ গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বেসরকারি খাত উন্নয়নে অনুসৃত 'রাষ্ট্রায়ত্ত L¨Z বেসরকারিকরণ কর্মসূচি' সত্ত্বেও রাষ্ট্রায়ত্ত খাত এখনও জাতীয় উৎপাদন, মূল্য সংযোজন, কর্মসংস্থান ও রাজস্ব আয় বৃদ্ধিতে E‡jL যোগ্য ভূমিকা পালন করছে। ২০১০-১১ অর্থবছরে এসব সংস্থার পরিচালন রাজস্ব বৃদ্ধির হার ছিল ২৪.৪৯ শতাংশ। তবে উৎপাদন ব্যয়ের হিসেবে ২০০৬-০৭ অর্থবছরে মূল্য সংযোজনের পরিমাণ ছিল ২,৬১১ কোটি টাকা, যা ২০১০-১১ অর্থবছরে হ্রাস পেয়ে -১,৮২৮ কোটি টাকায় দাঁড়িয়েছে। ২০১০-১১ অর্থবছরে এ সকল সংস্থার নীট মুনাফা ছিল -৮,৬৪১ কোটি টাকা এবং লভ্যাংশ হিসেবে ৫৩৪.৫ কোটি টাকা সরকারি কোষাগারে জমা করেছে । ২০১০-১১ অর্থবছরে স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/স্থানীয় (স্ব-শাসিত) সংস্থার নিকট মোট বকেয়ার পরিমাণ ৯৮,০৬৬.০১৪ কোটি টাকা । W‡mwi , ২০১১ পর্যন্ত রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের নিকট ২২টি রাষ্ট্রীয় সংস্থার মোট ঋণের পরিমাণ 33,282.৬৪ কোটি টাকা, যার মধ্যে শ্রেণিবিন্যাসিত ঋণের পরিমাণ হচ্ছে ৩৩৩.১৬ কোটি টাকা। ২০০৬-০৭ অর্থবছরে রাষ্ট্রায়ত্ত খাতের মোট সম্পদের ওপর পরিচালন মুনাফার হার (ROA) -১.১৫ শতাংশ হলেও ২০১০-১১ অর্থবছরে তা -৭.৫৭ শতাংশে পৌঁছে। পরিচালন রাজস্বের ওপর নীট মুনাফার হার ২০১০-১১ অর্থবছরে -১০.৮৪ শতাংশে দাঁড়িয়েছে । ইক্যুইটির ওপর লভ্যাংশের হার ২০০৬-০৭ অর্থবছরে ছিল ১.১০ শতাংশ, যা ২০১০-১১ অর্থবছরে ১.১৭ শতাংশে দাঁড়িয়েছে এবং সম্পদের টার্নওভার বিবেচনায় ২০১০-১১ অর্থবছরে সম্পদ ব্যবহারের দক্ষতা ২০০৯-১০ অর্থবছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে।]

দেশীয় শিল্প ও বাণিজ্য ক্ষেত্রে ক্রমসম্প্রসারমাণ ব্যক্তিখাতের বিনিয়োগের আওতা ও গভীরতা বৃদ্ধির পাশাপাশি রাষ্ট্রীয় খাতের বিনিয়োগও উজ্জ্বলভাবে উপস্থিত। দেশে বিদ্যমান রাষ্ট্রায়ত্ত সংস্থাকে (অ-আর্থিক) বাংলাদেশ স্ট্যান্ডার্ড ইন্ডাস্ট্রিয়াল ক্লাসিফিকেশন (BSIC) অনুযায়ী ৭টি সেক্টরে বিভক্ত করে রাষ্ট্রায়ত্ত খাতের অর্থনৈতিক ও আর্থিক বিশ্লেষণ মূল্যায়ন করা হয়েছে।

বক্স ৯.১: রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ (অ-আর্থিক)

ক্রঃ নং	সেক্টর	সংস্থার সংখ্যা	সংস্থার নাম
১।	শিল্প	৬টি	বাংলাদেশ বস্ত্র শিল্প কর্পোরেশন, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন, বাংলাদেশ রসায়ন শিল্প কর্পোরেশন, বাংলাদেশ বন শিল্প উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ পাটকল কর্পোরেশন।
২।	বিদ্যুৎ, গ্যাস ও পানি	৭টি	বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ, ঢাকা পানি ও পয়ঃপ্রণালী কর্তৃপক্ষ, চট্টগ্রাম পানি ও পয়ঃপ্রণালী কর্তৃপক্ষ, রাজশাহী পানি ও পয়ঃপ্রণালী কর্তৃপক্ষ, খুলনা পানি ও পয়ঃপ্রণালী কর্তৃপক্ষ।
৩।	পরিবহণ ও যোগাযোগ	৭টি	বাংলাদেশ সমুদ্র পরিবহণ কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্পোরেশন, বাংলাদেশ সড়ক পরিবহণ কর্পোরেশন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মংলা বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
৪।	বাণিজ্য	৩টি	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, বাংলাদেশ বাণিজ্য কর্পোরেশন, পল্লী উন্নয়ন ও সমবায়
৫।	কৃষি	২টি	বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন।
৬।	নির্মাণ	৫টি	চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
৭।	সার্ভিস	১৬টি	বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্তৃপক্ষ, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াজাতকরণ অঞ্চল কর্তৃপক্ষ, বাংলাদেশ তাঁত বোর্ড, বাংলাদেশ রেশম বোর্ড, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ চা বোর্ড, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট ।

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ।

রাষ্ট্রায়ত্ত খাতের উৎপাদন ও উপাদান আয়

২০০৬-০৭ অর্থবছরে দেশে বিদ্যমান সকল অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত সংস্থায় মোট পরিচালন রাজস্ব ছিল 33,179 কোটি টাকা, যা ২০১০-১১ অর্থ বছরে বৃদ্ধি পেয়ে ৭৯,৬৯৪ কোটি টাকায় দাঁড়িয়েছে । বার্ষিক প্রবৃদ্ধির হার ২৪.৪৯ শতাংশ। উক্ত সময়ে ক্রীত পণ্য ও সেবার মূল্য ২৭.৭৯ শতাংশ বৃদ্ধি পায়। উৎপাদন ব্যয়ের হিসেবে ২০০৬-০৭ অর্থবছরে মূল্য সংযোজনের পরিমাণ ছিল ২,৬১১ কোটি টাকা, যা ২০১০-১১ অর্থবছরে nvm পেয়ে -১,৮২৮ কোটি টাকায় দাঁড়ায়। মূল্য সংযোজনের প্রবৃদ্ধির হার ছিল -২৬.৫১ শতাংশ। ২০০৬-০৭ অর্থ বছরে রাষ্ট্রায়ত্ত খাতে পরিচালন লোকসান ছিল ১,৫৭২ কোটি টাকা, কিন্তু ২০১০-১১ অর্থবছরে পরিচালন রাজস্বের NvUwZ দাঁড়ায় ৮,০১০ কোটি টাকা। নিম্নের সারণি ৯.১ এ ২০০৬-০৭ থেকে ২০১০-১১ পর্যন্ত অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত খাতের রাজস্ব, মূল্যসংযোজন, উপাদানের আয় এবং প্রবৃদ্ধির হার দেখানো হলো।

সারণি ৯.১ঃ অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত খাতের রাজস্ব, মূল্যসংযোগ, উপাদানের আয় এবং প্রবৃদ্ধির হার

(কোটি টাকায়)

	২০০৬-০৭	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	প্রবৃদ্ধির হার ২০০৬-০৭ থেকে ২০১০-১১
পরিচালন রাজস্ব	৩৩,১৭৯	২০,০১৮	৩৯,৫৪৭	৬৪,৯৫৮	৭৯,৬৯৪	২৪.৪৯
ক্রীত পণ্য ও সেবা	৩০,৫৬৭	১২,৪০৬	৩১,১৪২	৫৫,৬২২	৮১,৫২২	২৭.৭৯
মূল্যসংযোজনঃ উৎপাদন ব্যয়ের হিসাবে	২,৬১১	৭,৬১২	৮,৪০৫	৯,৩৩৬	-১,৮২৮	-২৬.৫১
বেতন ও ভাতাদি	১,৯০৮	১,৯৩০	২,১৭২	৩,১১৬	৩,৩২১	১৪.৮৬
অবচয়	২,২৭৬	২,০৭৩	২,৪৩৬	২,৫৬৩	২,৮৬০	৫.৮৮
পরিচালন (উদ্বৃত্ত/লোকসান)	-১,৫৭২	৩,৬১০	৩,৭৯৮	৩,৬৫৭	-৮,০১০	৫০.২৪
মূল্য সংযোজন	২,৬১১	৭,৬১২	৮,৪০৫	৯,৩৩৬	-১,৮২৮	-২৬.৫১

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ।

নীট মুনাফা/লোকসান

২০০৯-১০ অর্থবছরে রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থার নীট মুনাফা ছিল ২৭৭৬.৩৩ কোটি টাকা। ২০১০-১১ অর্থবছরে নীট লোকসান হয়েছে ৮,৬৬৭.০৩ কোটি টাকা। ২০১১-১২ অর্থবছরের সংশোধিত হিসাব মতে,নীট লোকসান ১৬,৮৮০.৪৭ কোটি টাকা। ২০১১-১২ অর্থবছরে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের লোকসান পূর্ববর্তী অর্থ বছরের (২০০১০-১১) ৪৫৮৭.০১ কোটি টাকা থেকে ৮৪৩১.১২ কোটি টাকায় বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন ২০১১-১২ অর্থবছরে ১৬,০৮১.৯৭ কোটি টাকা লোকসানের সম্মুখীন হয়েছে। অপরদিকে, ২০১১-১২ অর্থবছরে রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহের মধ্যে যে সকল সংস্থার নীট মুনাফা/লোকসান উল্লেখযোগ্য হারে হ্রাস/বৃদ্ধি ঘটবে সেগুলো হলো: বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুjUwi কমিশন (নীট মুনাফা পূর্ববর্তী অর্থ বছরের (২০০১০-১১) ৩০১৯.১৫ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ৫৮৪৯.০৫ কোটি টাকা), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (নীট মুনাফা ৯৬৫.৭৬ কোটি টাকা হতে ew× পেয়ে ১০৮৪.২০ কোটি টাকা), ঢাকা ওয়াসা (নীট মুনাফা ৮.৫৩ কোটি টাকা হতে ew× পেয়ে ৭৬.৮৪ কোটি টাকা), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (নীট মুনাফা ১৩৪.১৬ কোটি টাকা হতে ew× পেয়ে ১৮৫.৯৪ কোটি টাকা), জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ (নীট মুনাফা ৬২.৮৫ কোটি টাকা হতে nvm পেয়ে০.০৫ কোটি টাকা), বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (২০১১-১২ অর্থবছরে নীট মুনাফা ২.৩৪ কোটি টাকা ‡_‡K ew× †c‡q নীট মুনাফা ২.৫২ কোটি টাকা) এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (নীট মুনাফা ৮.৪০ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ১৪.৯৫ কোটি টাকা),বেপজা (নীট মুনাফা ১৮১.২২ কোটি টাকা হতে হ্রাস পেয়ে ১০১.৮০ কোটি টাকা)। রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থার নীট মুনাফা/লোকসানের বিস্তারিত বিবরণ **পরিশিষ্ট-৩৫** এ দেখা যেতে পারে।

সরকারি কোষাগারে লভ্যাংশ প্রদান

রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ ২০০৯-১০ অর্থবছরে লভ্যাংশ হিসাবে মোট ২৯৪.৯৫ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করে। ২০১০-১১ অর্থবছরে এর পরিমাণ বৃদ্ধি পেয়ে ৫৩৪.৫০ কোটি টাকায় উপনীত হয়। সংশোধিত হিসাব মতে,২০১১-১২ অর্থবছরে এর পরিমাণ বৃদ্ধি পেয়ে ৬৫৪.৮৮ কোটি টাকা হতে পারে মর্মে ধরা হয়েছে। ২০১১-১২ অর্থবছরে যে সকল সংস্থা উল্লেখযোগ্য হারে লভ্যাংশ প্রদান করবে বলে আশা করা যায় তাদের মধ্যে রয়েছে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (৪৭৫.০০ কোটি টাকা), বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (২৩.৭৮ কোটি টাকা), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (৬০ কোটি টাকা), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (৩৫ কোটি টাকা), বেপজা (১৫ কোটি টাকা),জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ (৫ কোটি টাকা),রাজউক (৫ কোটি টাকা)। রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ কর্তৃক সরকারি কোষাগারে প্রদত্ত লভ্যাংশের বিস্তারিত বিবরণের জন্য **পরিশিষ্ট-৩৬** দ্রষ্টব্য।

সরকারি অনুদান/ভর্তুকি প্রদান

সরকার ২০১০-১১ অর্থবছরে ১২ টি রাষ্ট্রীয় সংস্থাকে অনুদান/ভর্তুকি হিসেবে ১,১৮৭.৬৫ কোটি টাকা প্রদান করেছে। ২০১১-১২ অর্থ বছরে এর পরিমাণ হয়েছে ১,৪৩৫.৬৯ কোটি টাকা। ২০১১-১২ অর্থ বছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে ৬৭১.৭৮ কোটি টাকা ভর্তুকি প্রদান করা হয়, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ৫৩১.৬৬ কোটি টাকা । তাছাড়া, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনকে ২৭৯.৩০ কোটি টাকা, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্তৃপক্ষকে ১৫৩.৫৬ কোটি টাকা, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনকে ৬৪.৫৩ কোটি টাকা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টকে ৭৪.০৫ কোটি টাকা এবং বাংলাদেশ পাটকল কর্পোরেশনকে ১৫৫.৭৪ কোটি টাকা ভর্তুকি প্রদান করা হয়। সারণি ৯.২ এ ২০০৩-০৪ থেকে ২০১১-১২ পর্যন্ত বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় সরকারি অনুদান/ভর্তুকির পরিমাণ দেখানো হলো:

সারণি ৯.২ঃ রাষ্ট্রায়ত্ত সংস্থায় সরকারি অনুদান/ভর্তুকির পরিমাণ

(কোটি টাকায়)

কর্পোরেশন/ প্রতিষ্ঠানের নাম	২০০৩-০৪	২০০৪-০৫	২০০৫-০৬	২০০৬-০৭	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২ (সংশোধিত)
বিসিআইসি	-	-	-	০	০	০	০	০	০
বিএসইসি	-	-	-	০	০	০	০	০	০
বিজেএমসি	৩৩.০৩	২৯.৫৭	১০০.০০	৩৪.৯৯	৩৪.৯৯	৩৪.৪৫	৬৫.১২	৯৪.২৪	১৫৫.৭৪
বিআইডব্লিউটিসি	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০
আরডিএ	০.১০	০.০৯	০.১২	০.১৩	০.১৫	০.১৫	০.২	০.২০	০.২০
বিএফএফডব্লিউটি	১৬.২৫	১৬.৪৪	১৮.১৯	১৮.২৯	২৭.৭	৪৪.৫৩	৬১.১৬	৭৮.৪০	৭৪.০৫
বিআইডব্লিউটিএ	২৭.৮৬	৩১.৮৮	৫২.১৯	৫০.৫৪	৪২.৪৫	৮২.৪৯	৯৮.২৪	১৪০.৫৬	১৫৩.৫৬
বিএসসিআইসি	২১.৫০	২২.৫১	২৬.৫	২৮.৫০	৩৬.৯৮	৩৯.৯৬	৪৭.৭৪	৬২.২১	৬৪.৫৩
আরইবি	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	২.৬৮
বিএইচবি	৪.৫০	৪.৬১	৭.৯৯	৭.৪৩	৭.৪৩	--	--	-	-
বিএসবি	৪.৩০	৪.২৬	৩.৯৭	৪.৩২	৬.২৯	৮.৮৯	১০.৪	১৩.৮৫	১৩.৮৫
ইপিবি	৪.০০	১০.০০	১২.০০	১১.০০	১২.৩০	১৩.৮১	১৩.৮১	১৬.০০	১৬.৫০
বিএডিসি	৩৫.০০	৪২.০০	৫৮.৬২	৬৬.৫	৮৬.৬২	১৫৫.০০	২০৪.২৭	২৩৯.১৯	২৭৯.৩০
বিডব্লিউডিবি	২৩০.৮০	২৫১.৮৩	২৭৯.০১	২২৮.২৪	২২৮.২৪	৫৭১.৬২	৬৪৫.৭৪	৫৩১.৬৬	৬৭১.৭৮
বিইআরসি	-	-	০.৫৪	০.৭৭	১.০০	০.০০	০.০০	০.০০	০.০০
বিএসআরটিআই	-	-		১.৪৪	১.৬	১.৭৯	১.৪২	২.৮৪	৩.০০
মোট	৩৮৫.৮৪	৪২১.৬৯	৫৬৭.৬৩	৪৬০.৬৯	৪৯৪.২৫	৯৬১.১৯	১১৫৬.৬	১১৮৭.৬৫	১৪৩৫.৬৯

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ।

সরকারি দায়-দেনা (Debt Service Liabilities)

অর্থ বিভাগের ডিএসএল অধিশাখা ২০১০-১১ অর্থ বছর পর্যন্ত ৮৯টি স্বায়ত্তশাসিত/আধা- স্বায়ত্তশাসিত/ স্থানীয় (স্ব-শাসিত) সংস্থার বকেয়ার পরিমাণ নির্ধারণ করেছে। হিসাব মতে, ২০১০-১১ অর্থবছর শেষে এসমস্ত অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত সংস্থার নিকট মোট

বকেয়ার পরিমাণ দাড়াঁবে ৯৮,০৬৬.০১৪ কোটি টাকা । সরকারের ডিএসএল পাওনা ও আদায়ের সাময়িক হিসাব **পরিশিষ্ট-৩৭** এ দেখা যেতে পারে।

ব্যাংক ঋণ

২২ টি রাষ্ট্রীয় সংস্থার নিকট রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের wW‡m¤¢i, ২০১১ পর্যন্ত মোট ৩৩,২৮২.৬৪ কোটি টাকা ঋণ রয়েছে যার মধ্যে শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ হচ্ছে ৩৩৩.১৬ কোটি টাকা (১.০০ শতাংশ)। যে সকল সংস্থার নিকট রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের ঋণ রয়েছে সেগুলো হ'লঃ বিপিসি (১৬,৯৮৭.৩৩ কোটি টাকা), বিজেএমসি (৫৭৪.৩৬ কোটি টাকা), বিসিআইসি (৬০১২.২৭ কোটি টাকা), বিএডিসি (১,৯২৩.৭০ কোটি টাকা), বিএসএফআইসি (১,৬৯০.০৯ কোটি টাকা), বিপিডিবি (৪০১৫.০১ কোটি টাকা), বিওজিএমসি (৩১৪.৯৬ কোটি টাকা), বিএসইসি (২৯০.২৮ কোটি টাকা),বিএসসি (৭৩.৫২ কোটি টাকা) ও বিটিএমসি (২০৫.৬১ কোটি টাকা)। অন্যদিকে, যে সকল সংস্থার নিকট সর্বোচ্চ শ্রেYবিন্যাসিত ঋণ রয়েছে সেগুলোঃ বিটিএমসি (১৮৮.৩৫ কোটি টাকা), বিসিআইসি (৯৬.১৮ কোটি টাকা), বিএডিসি (২১.২৭ কোটি টাকা), বিএসইসি (৬.৩৫ কোটি টাকা), বিএসএফআইসি (৫.৯৫ কোটি টাকা), বিএসসিআইসি (০.৯১ কোটি টাকা), বিপিডিবি (০.৬৬ কোটি টাকা), ও বিএসসি (০.২৩ কোটি টাকা)। রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহের বকেয়া ও ckYবিন্যাসকৃত ঋণের ক্রমপুঞ্জিত পরিমাণ **পরিশিষ্ট-৩৮** এ দেয়া হয়েছে।

রাষ্ট্রায়ত্ত খাতের আর্থিক বিশ্লেষণ

বাংলাদেশে রাষ্ট্রায়ত্ত খাতের প্রায় সমস্ত সম্পদ ও ঋণ সরকার অথবা রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক কর্তৃক যোগান দেয়া হয়ে থাকে। সুতরাং এ সকল কর্পোরেশনসমূহের আর্থিক অবস্থার বিশ্লেষণের ক্ষেত্রে মোট সম্পদের ওপরে মুনাফার হার একটি গুরুত্বপূর্ণ মাপকাঠি।

সারণি-৯.৩ ঃ ২০০৬-০৭ হতে ২০১০-১১ পর্যন্ত রাষ্ট্রায়ত্ত খাতের অর্জিত মুনাফা

(কোটি টাকায়)

	২০০৬-০৭	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	প্রবৃদ্ধির হার ২০০৬-০৭ হতে ২০১০-১১ পর্যন্ত
১। পরিচালন রাজস্ব	৫০,০৬৪	২০,০১৮	৩৯,৫৪৭	৬৪,৯৫৮	৭৯,৬৯৪	১২.৩২
২। পরিচালন উদ্বৃত্ত	-১,৮৫৯	৩,৬১০	৩,৭৯৪	৩,৬৫৭	-৮,০১০	৪৪.০৭
৩। পরিচালন বহির্ভূত রাজস্ব	১,১৭২	৮৩৬	২,০৪৭	১,৬০৯	১,৫৭৩	৭.৬৩
৪। কর্মচারী অংশীদারী তহবিল	৭২	৯০	১১৪	১২০	৩৮	-১৪.৭৭
৫। ভর্তুকী (প্রত্যক্ষ)	৯	৮	১৪	৭	৯	০.০০
৬। সুদ	১,২৪২	৭১১	১,০৫৮	১,৬৫৪	১,৮৬১	১০.৬৪
৭। করপূর্ব নীট লাভ/লোকসান (২+৩+৫)-(৪+৬)	-১,৯৯২	৩,৬৫৩	৪,৬৮৩	৩,৪৯৯	-৮,৩২৭	৪২.৯৯
৮। কর	৬৯১	৮৫৯	১,৩৯৬	১,০১০	৩১৪	-১৭.৯০
৯। কর উত্তর নীট লাভ/লোকসান (৭-৮)	-২,৬৮৩	২,৭৯৪	৩,২৮৭	২,৪৮৯	-৮,৬৪১	৩৩.৯৬
১০। লভ্যাংশ (ডিভিডেন্ড)	৫৫৯	৫৪৩	৩৯৫	৫১৩	৬০৬	২.০৪
১১। সংরক্ষিত আয় (৯-১০)	-৩,২৪২	২,২৫১	২,৮৯২	১,৯৭৬	-৯,২৪৭	২৯.৯৬
১২। মোট বিনিয়োগ/ফান্ড	১,৬২,১৪৯	১,১৮,২৫১	১,৯৫,৫৪১	১,৯৩,৭৭৪	১,০৫,৮১৪	-১০.১২
১৩। ইক্যুইটি	৫০,৮৩৫	৫৫,৭১৪	৮২,৬৭৭	৬৩,৯৮২	৫১,৮৪৪	০.৪৯
১৪। মোট সম্পদের ওপর পরিচালন মুনাফার হার (২÷১২)	-১.১৫	৩.০৫	১.৯৪	১.৮৯	-৭.৫৭	৬০.৩০
১৫। পরিচালন রাজস্বের ওপর নীট মুনাফার হার (৯÷১)	-৫.৩৬	১৩.৯৬	৮.৩১	৩.৮৩	-১০.৮৪	১৯.২৬
১৬। ইকুইটির ওপর লভ্যাংশের হার (১০÷১৩)	১.১০	০.৯৭	০.৪৮	০.৮০	১.১৭	১.৫৪
১৭। মোট সম্পদের টার্নওভার (১÷১২)	০.৩১	০.১৭	০.২০	০.৩৪	০.৭৫	২৪.৯৭

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ।



সারণি ৯.৩ হতে দেখা যায় যে, রাষ্ট্রায়ত্ত খাতের মোট cwimxÿ¡`i ওপর পরিচালন মুনাফার হার (ROA) 2006-০৭ অর্থবছরে ছিল -১.১৫ শতাংশ hw ২০১০-১১ অর্থ বছরে এ মুনাফার হার -৭.৫৭ শতাংশে উপনীত হয়েছে । ২০০৬-০৭ অর্থ বছরে পরিচালন রাজস্বের ওপর নীট মুনাফার হার ছিল -৫.৩৬ শতাংশ যা ২০১০-১১ অর্থ বছরে -১০.৮৪ শতাংশে দাঁড়িয়েছে। ইক্যুইটির উপর লভ্যাংশের হার ২০০৬-০৭ অর্থবছরে ছিল ১.১০ শতাংশ যা ২০১০-১১ অর্থবছরে ১.১৭ শতাংশে দাঁড়িয়েছে। সম্পদের টার্নওভার পর্যালোচনা করলে দেখা যায়, ২০১০-১১ অর্থবছরের সম্পদ ব্যবহারের দক্ষতা ২০০৯-১০ অর্থবছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে।